



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangabandhu Sheikh Mujib Medical University

শাহবাগ, ঢাকা, বাংলাদেশ।

নং - বিএসএমএমইউ/২০১৫/৪২৪৬

তারিখ: ০৮/০৮/২০১৫ খ্রি:

অফিস আদেশ

বায়া ও পরিবার কলাগ মন্ত্রণালয়ের জারিকৃত আদেশ (আরক নং-স্বাপকম/হস-০৩/বিবিধ-১০(৪)/২০০২/৮৮ তারিখ: ১৮/০১/২০১৮) এর আলোকে গত ১০/০২/২০১৫ তারিখে অনুষ্ঠিত সিভিকেটের ৫৬তম সভায় বিশ্ববিদ্যালয়ে বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত 'বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গের বিনামূল্যে চিকিৎসা সংক্রান্ত নীতিমালা' অনুমতিদিত হয়েছে।

বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গকে সাধারণভাবে সকল চিকিৎসার পরামর্শ (Consultation) ও আনুষঙ্গিক চিকিৎসা ব্যবস্থা এই বিশ্ববিদ্যালয়ের সংযুক্ত হাসপাতাল থেকে বিনামূল্যে প্রদান করা হবে। অনুমতিদিত নীতিমালা অনুযায়ী বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গ নিম্নোক্ত প্রক্রিয়ায় বিশ্ববিদ্যালয়ে সংযুক্ত হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা প্রাপ্ত হবেনঃ

ক. বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গের চিকিৎসাপ্রাপ্তি সহজিকরণ করার জন্য 'বীর মুক্তিযোদ্ধা চিকিৎসা সেল' থেকে বিনামূল্যে চিকিৎসা প্রদান করা হবে।

খ. বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গের চিকিৎসার জন্য বহির্বিভাগ হতে প্রদানকৃত প্রেসক্রিপশনের এবং উর্তৃকৃত রেগোন্ডের জন্য প্রদানকৃত প্রেসক্রিপশনের উষ্ণসমূহের মধ্যে যেসব উষ্ণ হাসপাতালে সরবরাহ আছে তা প্রদান করা হবে। এছাড়া অত্যাবশ্যকীয় দার্মা ঔষধ যা হাসপাতালে সরবরাহ নেই তা যে সকল বীর মুক্তিযোদ্ধাগণ/ তাঁদের পরিবারবর্গ আর্থিক অসচ্ছলতার কারণে ক্রয় করতে অক্ষম তাঁদেরকে 'বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গের চিকিৎসার জন্য প্রাণ অনুদান' হতে আবেদন সাপেক্ষে উষ্ণগুলো আংশিক বা সম্পূর্ণ ক্রয় করে দেয়া হবে।

গ. বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গের ক্যাপ্সার চিকিৎসার প্রয়োজন হলে সংশ্লিষ্ট বিভাগ হতে ক্যাপ্সার কেন্দ্রের প্রেরণের তৈরিতে চাহিদা হাসপাতাল প্রশাসনে প্রেরণ করতে হবে এবং সে অনুযায়ী সংশ্লিষ্টদের আবেদন সাপেক্ষে বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গের জন্য প্রাণ অনুদান হতে উষ্ণপত্র ক্রয়ের জন্য একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ অনুদান প্রদান করা হবে।

ঘ. বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গের চিকিৎসার জন্য সাধারণভাবে সকল ধরণের পরীক্ষা নিরীক্ষা বিনামূল্যে করা হবে। যে সকল পরীক্ষা-নিরীক্ষার চার্জ অত্যাধিক এবং যে সকল পরীক্ষা বিনামূল্যে করা যায় না যেমন- সিটিকান, এমআরআই, এনজিওগ্রাম, ইউরোগ্লোবোট্রি, ডিএনএ পরীক্ষা এবং যে সকল পরীক্ষার চার্জ পাঁচশত টাকার অর্ধিক (রিজেন্ট খরচ অত্যাধিক) সে সকল পরীক্ষা ধরী গরীব সকল বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গের জন্য বর্তমানে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত মূল্যের ৪০% খরচে করা হবে।

ঙ. বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গের চিকিৎসার জন্যে বিনামূল্যে বিশ্ববিদ্যালয়ের ২টি (১টি মহিলাদের জন্য এবং ১টি পুরুষদের জন্য) কেবিন সংরক্ষিত থাকবে। এছাড়া প্রতিটি বিভাগে ১টি বেড বীর মুক্তিযোদ্ধাগণ/ তাঁদের পরিবারবর্গের বিনামূল্যে চিকিৎসার জন্য নির্ধারিত থাকবে। এরপরও যদি কোন বেড বা কেবিন প্রয়োজন হয় সেক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গ অগ্রাধিকার ডিস্ট্রিটে পাবেন তবে এই ক্ষেত্রে উধূ কেবিনের ভাড়া ৫০% হারে প্রদেয় হবে।

১. বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গের অপারেশনের প্রয়োজন হলে (মেজর ও মাইনর) তা বিশেষ বিবেচনার বিনামূল্যে করা হবে; বড় ধরণের অপারেশনের ক্ষেত্রে (যেমন হাটের বাইপাস সার্জারি ও কিডনী ট্রান্সপ্লান্ট অপারেশন) ৫০% খরচে করা হবে। এছাড়া পিওথলীর পাথর অপসারণ, কিডনীর পাথর অপসারণ, মষ্টিকের অপারেশন, টিথানোপ্লাস্টি, অর্ধেপেডিক সার্জারি ইত্যাদি অপারেশনের জন্য চিকিৎসা সরঞ্জামাদি ও উষ্ণপত্র যা সরকারিভাবে সরবরাহ নাই সে ক্ষেত্রে উক্ত সরঞ্জামাদি ও উষ্ণপত্রের একটি চাহিদা সংশ্লিষ্ট বিভাগ হতে হাসপাতাল প্রশাসনে প্রেরণ করতে হবে এবং সে অনুযায়ী বীর মুক্তিযোদ্ধাগণ/তাঁদের পরিবারবর্গের চিকিৎসার জন্য প্রাণ অনুদান হতে আবেদন সাপেক্ষে উক্ত চিকিৎসা সরঞ্জামাদি ও উষ্ণপত্রের আংশিক বা সম্পূর্ণ মূল্য প্রদান করা হবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আদেশক্রমে,

৪২৪৬/০৮/২০১৫

(অধ্যাপক মোঃ আসাদুল ইসলাম)

রেজিস্ট্রার (স্নিক্ষ দায়িত্বপ্রাপ্ত)